দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 1 কলাম 2

145

# নারায়ণগঞ্জে বোমাবাজী ও হাঙ্গামায় ডিগ্রী পরীক্ষা ভণ্ডুল

নারায়ণগঞ্জ সংবাদদাতার ফোন : গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের আওতায় ডিগ্রী পাস ও সাবসিডিয়ারী পরীক্ষার প্রথম দিনে তোলারাম কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীকে নকল করিতে বাধা দেওয়ায় কতিপয় ছাত্র কেন্দ্রের চেয়ার-বেঞ্চ ভাংচুর এবং অন্যান্য পরীক্ষার্থীকে পরীক্ষাদানে বাধার সৃষ্টি করে। তাহাদের হাতে কলেজের ৮/১০

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষা

(১ম পৃঃ পর)

জন শিক্ষক লাঞ্ছিত এবং প্রহারে শিক্ষকসহ ২০ জন পরীক্ষার্থী আহত হইয়াছে। পরে পরীক্ষা বন্ধ হইয়া যায়। তাহারা ৪/৫টি হাতবোমার বিস্ফোরণ ঘটায়। আতঙ্কগ্রস্ত বহু পরীক্ষার্থী কেন্দ্রের দোতলা-তিনতলা হইতে লাফাইয়া পড়িয়া আহত হয়। এ ব্যাপারে কলেজের অধ্যক্ষ আশরাফ হোসেন বলেন, আজকের (রবিবার) এই কেন্দ্রের পরীক্ষা নারায়ণগঞ্জ সরকারী বালিকা বিদ্যালয়ে অনুষ্ঠিত হইবে। গতকালের বন্ধ হইয়া যাওয়া পরীক্ষা সম্পর্কে কোন কিছু বলিতে তিনি অপরাগতা প্রকাশ করেন। ঘটনার পর একদল ছাত্র বিকালে চাষাড়া এলাকায় একটি বিআরটিসি বাস এবং প্রেসক্লাবের সামনে একটি সুপিরিয়র কোচের ক্ষতিসাধন করে। গতকাল সন্ধ্যায় কলেজ কেন্দ্রে জেলা প্রশাসক, পুলিশ সুপার এবং শিক্ষক প্রতিনিধিদের বৈঠকে আগামীতে পরীক্ষাগুলি সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হইবে এবং শিক্ষকদের আরও নিরাপত্তার ব্যবস্থা করা হইবে বলিয়া আশ্বাস দেওয়া হয়। বৈঠক চলাকালে বাহিরে কয়েকটি হাতবোমা বিস্ফোরিত হয়। পুলিশ ঘটনাস্থল হইতে আসাদুজ্জামান রিপন নামে একজন ছাত্রকে গ্রেফতার এবং তাহার নিকট হইতে একটি ককটেল উদ্ধার করিয়াছে। রাত্রে শহরের বিভিন্ন এলাকায় হাতবোমা বিস্ফোরিত হইয়াছে। অনেক পরীক্ষার্থীকে তাহাদের পরীক্ষার খাতা জমা দিতে না পারিয়া খাতা নিয়া কেন্দ্রের শিক্ষকদের নিকট দৌড়াদৌড়ি করিতে দেখা যায়।

ছাত্র সংগ্রাম পরিষদ নারায়ণগঞ্জ জেলা শাখা প্রেসবিজ্ঞপ্তিতে পরীক্ষাটি পুনরায় গ্রহণ করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি আহ্বান জানাইয়াছে।

আমাদের নরসিংদী সংবাদদাতার টেলিফোন : ডিগ্রী পরীক্ষায় গতকাল নরসিংদী সরকারী কলেজ কেন্দ্র হইতে ৩ জন ও মনোহরদী কলেজ কেন্দ্র হইতে ১ জনকে বহিষ্কার করা হইয়াছে।

বরগুনা সংবাদদাতার ফোন : গতকাল ৩টি কেন্দ্রে ৩৭ জনকে বহিষ্কার করা হয়। বহিষ্কার কেন্দ্র করিয়া ছাত্ররা প্রথমে হল ত্যাগ করিলেও পরে ফিরিয়া আসে। তবে ১৫টি উত্তরপত্র পাওয়া যায় নাই।